নির্বাচন থেকে সরে যাওয়ার ঘোষণা দিলেন জীবননগর পৌর মেয়র

অবশেষে অনেক জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে জীবননগর পৌর নির্বাচনে আওয়ামী লীগের একক প্রার্থী হলেন জীবননগর পৌর আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক ও আসন্ন জীবননগর পৌর নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত নৌকার প্রার্থী রফিকুল ইসলাম।

এদিকে দলের প্রতিশ্রদ্ধা রেখে সে¦চ্ছায় প্রার্থীতা প্রত্যাহার করে জীবননগর পৌর নির্বাচন থেকে সরে যাওয়ার ঘোষণা দিলেন জীবননগর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বর্তমান জীবননগর পৌর সভার মেয়র জাহাঙ্গীর আলম।

গতকাল সোমবার জীবননগর উপজেলা আওয়ামী লীগের একটি বর্ধিত সভা শেষে জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম এ ঘোষণা প্রদান করেন।

এ সময় তিনি বলেন, আমি দলকে ভালোবাসি দলের সিদ্ধান্ত আমি মাথা পেতে নিয়েছি নৌকার বিজয়ের লক্ষে যা যা করার দরকার আমি সব করবো। এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা -২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর, জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি গোলাম মোর্তুজা, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম,

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর পৌর আওয়ামী লীগের সভাপতি নাসির উদ্দিন,জীবননগর উপজেলা যুবলীগের সভাপতি আঃ সালাম ঈশা, জীবননগর পৌর যুবলীগের সভাপতি শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবু, সাধারণ সম্পাদক মজিবার রহমান প্রমুখ।

জীবননগরে আওয়ামী লীগের বর্ধিত

সভা

জীবননগর বাকা ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে বাকা ইউনিয়ন পরিষদের সামনে বাকা ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজার সভাপতিত্বে বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

এ সময় প্রধান অতিথি বলেন, দলকে সু-সংগঠিত করতে হলে দলের সকলে একত্র হয়ে কাজ করতে হবে। দলের বাইরে যেয়ে কেউ কোন কাজ করতে পারবে না। আগামীতে জননেন্ত্রী শেখ হাসিনা যাকে প্রার্থীতা ঘোষণা করবেন আমরা সবাই তার সাথে কাজ করবো এবং নৌকাকে বিজয় করবো এমন শপথ নিয়ে আমাদের সকলে কাজ করতে হবে। কিছু কু-চক্রি মহল আছে যারা নিজেদের স্বার্থ হাসিলের জন্য দলের নেতাকর্মীদের মধ্যে একটি বিভেদ করার চেষ্ঠা করবে সে দিকে আমাদের সকলকে সজাগ হতে হবে।

জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল, জীবননগর পৌর আওয়ামী লীগের সভাপতি নাসির উদ্দিন, সাধারণ সম্পাদক ও জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম, সাংগাঠনিক সম্পাদক রফিকুল ইসলাম, পারকৃষ্ণ-মদনা ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলম, বাকা ইউপি চেয়ারম্যান আঃ কাদের প্রধানসহ বিভিন্ন স্থানের আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীগণ উপস্থিত ছিলেন ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ভাটপাড়ায় ইমাদুল ইসলাম (৩৫) নামের এক মাদক ব্যবসায়ীর বাড়ি থেকে এই গাঁজা ও ১৫শ ৫০ টাকা জব্দ করা হয়।

এসময় মাদক ব্যবসায়ী ইমাদুল পুলিশের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যায়। ইমাদুল ভাটপাড়া গ্রামের তাহাজ উদ্দিন এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, এস আই অজয় কুমার কুন্ডু ও এএসআই আহসান হাবিব গাংনীর ভাটপাড়া থেকে গাঁজাসহ নগদ টাকা উদ্ধার করা হয়েছে।

পলাতক ইমাদুল ইসলামের গাংনী থানায় আটক ইমাদুল ইসলামের বিরুদ্ধে একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ৪২তম জাতীয় বিজ্ঞান মেলার পুরস্কার বিতরণী

মেহেরপুরে ৪২তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং ৪২তম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সোমবার সকালে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এর আয়োজন করা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ তৌফিকুর রহমান এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-পরিচালক স্থানীয় সরকার মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: মিজানুজ্জামান, সহ বিভিন্ন স্কুলের শিক্ষক সেখানে উপস্থিত ছিলেন।

৪২তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় প্রজেক্ট মূল্যায়নে জুনিয়র গ্রুপে প্রথম স্থান অধিকার করেছে আনন্দবাস মিয়া মুনসুর একাডেমী, দ্বিতীয় স্থান অধিকার করেছে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ

বিদ্যালয়, তৃতীয় স্থান অধিকার করেছে হিজল বাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়।

প্রজেক্ট মূল্যায়নের সিনিয়র গ্রুপে প্রথম স্থান অধিকার করেছে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, দ্বিতীয় স্থান অধিকার করেছে মেহেরপুর সরকারি কলেজ, তৃতীয় স্থান অধিকার করেছে ছহিউদ্দিন ডিগ্রী কলেজ।

বিতর্ক প্রতিযোগিতায় জুনিয়র গ্রুপে চ্যাম্পিয়ন দল মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং সিনিয়র গ্রুপে চ্যাম্পিয়ন দল মেহেরপুর সরকারি কলেজ।

গাংনী ও মুজিবনগর উপজেলার কোন দল বিতর্কে অংশগ্রহণ না করায় রানার্সআপ কোন দল পাওয়া যায়নি।

গাংনীতে চোর সন্দেহে শিশুসহ আটক-৬

মেহেরপুরের গাংনীতে চোর সন্দেহে পৃথক অভিযানে এক শিশুসহ ৬ জনকে আটক করেছে থানা পুলিশ। রোববার দিবাগত মধ্যরাতে বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদেরকে আটক করা হয় ।

আটককৃতরা হলো উপজেলার গাড়াবাড়িয়া গ্রামের কাওছার মণ্ডলের ছেলে আয়নাল হক (৩৫), গাংনী পৌর এলাকা মহিলা কলেজ পাড়ার সিরাজুল ইসলামের ছেলে হাবিবুর রহমান (২৮), সাহারবাটি গ্রামের ক্লাব পাড়ার দেলশাদ হোসেনের ছেলে মানিক হোসেন (২০), ফতাইপুর গ্রামের মন্ডল শেখের ছেলে জনি (৩৭), পূর্ব মালসাদহ গ্রামের শুকুর আলীর ছেলে আব্দুল হালিম (২৩), পূর্ব মালসাদহ গ্রামের কাওছার আলী ছেলে সিহাব আলী (১৪)।

গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, ইতোপূর্বে গাংনী থানায় তাদের বিরুদ্ধে চুরি মামলা রয়েছে তাই তাদের সন্দেহমূলক আটক করা হয়েছে।

[redacted]

[redacted]

গাংনীতে প্রশাসনের হস্তক্ষেপে মুক্তি পেল চেংগাড়া গ্রামের অবরুদ্ধ পঞ্চাশ পরিবার

দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় সংবাদ প্রকাশের পর প্রশাসনের হস্তক্ষেপে গাংনীর চেংগাড়া গ্রামের এক দখলবাজের আবদ্ধতা থেকে রেহায় পেয়েছে অন্তত পঞ্চাশটি পরিবার। সোমবার সকালে গাংনী উপজেলা প্রশাসন ও গাংনী থানা পুলিশের সহায়তায় আবদ্ধকৃত রাস্তাটিতে রাখা বালি অপসারণ করা হয়। রাস্তায় রাখা বালি অপসারনের পর উন্মুক্ত হয় ভুক্তভোগী পরিবারগুলি। উন্মুক্ত রাস্তায় চলাফেরা করতে পেরে ভুক্তভোগীসহ শিশু কিশোরদের মাঝে বইছে নতুন উল্লাশ।

সোমবার দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় “গাংনীতে জোরপুর্বক রাস্তা দখল। আবদ্ধ অর্ধশত পরিবার” শীর্ষক একটি সংবাদ প্রকাশিত হয়। সংবাদটি প্রকাশের পর স্থানীয় প্রশাসন বিষয়টি গুরুত্বের সাথে দেখে রাস্তাটি মানুষ চলাচলালের উপযোগী করেন। প্রশাসনের ভুমিকা ও স্থানীয় সংবাদপত্র ও সাংবাদিকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ভুক্তভোগীরা।

স্থানীয়দের অভিযোগ গাংনী উপজেলার চেংগাড়া ডাক্তার পাড়ায় মানুষ চলাচলের একমাত্র শত বছরের রাস্তা দখল করে বালি রাখায় আবদ্ধ হয়ে পড়ে প্রায় পঞ্চাশ পরিবার। মালিকানা জমির দাবী করে রাস্তা ওপর বালি রাখায় এ সমস্যার সৃষ্টি হয়। রাস্তার ওপর থেকে বালি অপসারণ করে আবদ্ধ পরিবারদের যাতায়াতের ব্যাবস্থা করার দাবীতে গত রবিবার দুপুরে মানববন্ধন করেন ভুক্তভোগীরা।

জানাগেছে, চেংগাড়া গ্রামের মৃত মকবুল হোসেনের ছেলে তোফাজ্জেল হোসেন তার বাড়ির সামনের শত বছরের মানুষ চলাচলের একটি রাস্তা দখল করে তামাকঘর নির্মাণ করছিলেন। এবিষয়ে স্থানীয়রা আদালতে মামলা করেন। বিজ্ঞ আদালতের নির্দেশ অনুযায়ী গাংনী থানায় আদেশ জারি করেন স্থানীয় আইন শৃংখলা বজায় রাখতে।

গাংনী থানা পুলিশ তোফাজ্জেল হোসেনের তামাক ঘর নির্মাণ কাজ

স্থগীত করেন এবং বালি অপসারণ করে স্থানীয়দের যাতায়াত নিশ্চিত করতে বলেন। কিন্তু দিনের পর দিন অতিবাহিত হলেও বালি অপসারণ করেনি তোফাজ্জেল হোসেন। বালি রাখার পর থেকেই আবদ্ধ হয়ে পড়ে অর্ধশত পরিবার। শিশু কিশোরসহ বিভিন্ন বয়সের মানুষ চলাচল বন্ধ হয়ে যায়।

গ্রামের আব্দুল গফুরের ছেলে এনামুল হক, ছহিরুদ্দীন, রফিজউদ্দিনের ছেলে আব্দুল বারিসহ উপস্থিত স্থানীয়রা জানান, এটি প্রায় শত বছর ধরে মানুষ চলাচল করে। প্রায় পঞ্চাশটি পরিবারের একমাত্র রাস্তা এটি। সরকারি টাকায় কয়েকবার মাটি ভরাটের কাজ করে স্থানীয় শোলটাকা ইউনিয়ন পরিষদ। হঠাৎ রাস্তাটি বন্ধ করে আমাদের আবদ্ধ করে রেখেছে তোফাজ্জেল হোসেন। এ নিয়ে কয়েকবার রক্তক্ষয়ি সংঘর্ষের ঘটনাও ঘটেছে বলে জানান স্থানীয়রা।

তবে তোফাজ্জেল হোসেনের মেয়ে পারুলা খাতুন বলেন, জমিটি আমাদের নিজস্ব মালিকানা তাই বালি রাখা হয়েছে। আমাদের নামে কাগজপত্র রয়েছে।

তোফাজ্জেল হোসেনের সাথে মোবাইল ফোনের মাধ্যমে কথা হলে তিনি বলেন, আমি বয়েকদিন পর বালি অপসারণ করব। তবে জমি আমার নামে খতিয়ান ভুক্ত হয়েছে। সরকারি খতিয়ানভুক্ত রাস্তা না।

এবিষয়ে স্থানীয় ইউনিয়ন ভুমি অফিস ডহর উল্লেখ করে রাস্তা হিসেবে ব্যাবহৃত হচ্ছে বলে প্রত্যয়ন প্রদান করেন তহশিলদার। জনগনের রাস্তা হিসেবে সরকারি অর্থে মাটি ভরাটের কাজ করা হয়েছে এবং দীর্ঘদিন রাস্তা হিসেবে ব্যাবহৃত হচ্ছে মর্তে প্রত্যয়ন দেন ষোলটাকা ইউপি চেয়ারম্যান মনিরুজ্জামান মনি।

এদিকে রাস্তাটি পুনরাই অবদ্ধ করতে বিভিন্ন মহলে দৌড়ঝাঁপ শুরু করেছেন তোফাজ্জেল হোসেন ও তার পরিবার। ভুক্তভোগীদের দাবী পঞ্চাশ পরিবারের চলাচলের একমাত্র রাস্তাটি যেন আর আবদ্ধ না হয় তার জন্য প্রশাসনের ভুমিকা রাখতে সবিনয়ে অনুরোধ করেন।

আমঝুপির বিশিষ্ট ব্যবসায়ী হাজী নজরুল ইসলাম ন্যাংড়া’র দাফন সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের বিশিষ্ট ব্যবসায়ী ও আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের দাতা সদস্য হাজী মোঃ নজরুল ইসলাম ন্যাংড়া বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৭০ বছর।

জানা যায়, গত রবিবার রাত ৯ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামে নিজ বাড়িতে শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি স্ত্রীসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

আজ সোমবার সকাল ১১ টায় আমঝুপি আলিম মাদ্রাসা প্রাঙ্গনে জানাযা শেষে গ্রাম্য কবরস্থানে দাফন সম্পূর্ণ করা হয়।

চুয়াডাঙ্গায় অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে জাহাঙ্গীর আলম এর যোগদান

চুয়াডাঙ্গা জেলা পুলিশে অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে জাহাঙ্গীর আলম (সদর সার্কেল) কে ফুলেল শুভেচ্ছা ও গিফট দিয়ে বরণ করে নেন চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

আজ সোমবার সকাল দশ টার সময় পুলিশ সুপারের কার্যালয়ে এই শুভেচ্ছা জানানো হয়

এ সময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর) কনক কুমার দাস সহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ।

[redacted] [redacted] [redacted] [